

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৬
১২ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন
ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ প্রণোদনা ভাতা প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে ২২ মার্চ ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস COVID-19 এর প্রাদুর্ভাবের কারণে এর কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে ব্যাংকগুলোকে ১৬ দফা নির্দেশনা প্রদানপূর্বক সেগুলো যথাযথভাবে অনুসরণের পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তীতে উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে ০৮ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এর মাধ্যমে ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর যাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

০৩। এতদসঙ্গেও, ব্যাংকিং দায়িত্ব পালন করতে গিয়ে কিছুসংখ্যক ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী ইতোমধ্যে করোনা ভাইরাস COVID-19 এ আক্রান্ত হয়েছেন। এ প্রেক্ষিতে, সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকিং খাতকে সচল রাখতে যারা তাদের জীবন ও পরিবারকে ঝুঁকিতে রেখেও সক্রিয়ভাবে দায়িত্ব পালন করছেন তাদের দায়িত্ব পালনের স্বীকৃতি স্বরূপ বিশেষ প্রণোদনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে, আর্থিক প্রণোদনা প্রদানের জন্য নিম্নরূপ নীতিমালা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো :-

- (১) ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ যারা সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকে স্বশরীরে গমনপূর্বক ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দায়িত্ব পালন করেছেন বা করছেন তারা বিশেষ প্রণোদনা ভাতা প্রাপ্য হবেন;
- (২) সাধারণ ছুটিকালীন কর্মকর্তা-কর্মচারীগণ কমপক্ষে ১০(দশ) কার্যদিবস স্বশরীরে ব্যাংকে কর্মরত থাকলে তা পূর্ণমাস হিসেবে গণ্য হবে। তবে ১০(দশ) কার্যদিবসের কম স্বশরীরে ব্যাংকে কর্মরত থাকলে সে ক্ষেত্রে আনুপাতিক হারে উক্ত ভাতা প্রাপ্য হবেন;
- (৩) ব্যাংকের স্থায়ী, অস্থায়ী ও চুক্তিভিত্তিক সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ এই সুবিধায় অন্তর্ভুক্ত হবেন;
- (৪) কর্মকর্তা-কর্মচারীগণ তাদের স্ব স্ব মূল বেতনের সমপরিমাণ অর্থ মাসিক বিশেষ প্রণোদনা ভাতা হিসেবে প্রাপ্য হবেন। যেসব অস্থায়ী বা চুক্তি ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতন আলাদাভাবে নির্ধারিত নেই তারা মাসিক মোট বেতন-ভাতার ৬৫ শতাংশ মাসিক বিশেষ প্রণোদনা ভাতা হিসেবে প্রাপ্য হবেন। তবে, সবক্ষেত্রেই এ বিশেষ প্রণোদনা ভাতার পরিমাণ মাসিক ন্যূনতম ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হবে;
- (৫) সাধারণ ছুটি শুরু হওয়ার তারিখ হতে মাস গণনা শুরু হবে। প্রতি ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নতুন মাস গণনা শুরু হবে।

০৪। এ নির্দেশনা সরকার ঘোষিত সাধারণ ছুটির মেয়াদকাল পর্যন্ত বলবৎ থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮